গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) এর দপ্তর
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(ভবন নং-৪, ৫ম তলা)
www.coa-revenue.gov.bd

ভূমিসেবা ডিজিটাল বদলে যাচ্ছে দিনকাল

**স্মারক নং-৩১.০৫.০০০০.৭৯১.০৫.০১০.২১.৩৫৯** **তারিখঃ ২৬/০৫/২০২২খ্রিঃ।**

**বিষয় : দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শণ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ই-গভর্ন্যান্স এবং উদ্ভাবন কর্মপরিকল্পনা-২০২১-২২-এর অনুচ্ছেদ {২.২.৫} অনুযায়ী ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স এবং উদ্ভাবন কর্মপরিকল্পনা সংক্রান্ত দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম ০১ (এক)টি উদ্যোগ পরিদর্শণ করতে হবে।

ভূমি মন্ত্রণালয় কর্তৃক মাঠ পর্যায়ে বাস্তবায়িত অনলাইন ভূমি উন্নয়ন কর আদায় সম্পর্কিত ডিজিটাল সেবা সরেজমিন দেখার জন্য অত্র দপ্তরের নিম্নবর্ণিত কর্মকর্তাগণ আগামী ২৯/০৫/২০২২খ্রি: তারিখ বেলা ১১-০০ ঘটিকায় সহকারী কমিশনার (ভূমি), মোহাম্মদপুর রাজস্ব সার্কেল ও তাঁর আওতাধীন ভূমি অফিস পরিদর্শণ করবেন :

| ক্রমিক | কর্মকর্তার নাম ও পদবি |
|---|---|
| ১। | জনাব মাহফুজা আহম্মেদ<br>সহকারী হিসাব নিয়ন্ত্রক (অডিট)<br>সদর দপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| ২। | জনাব মো: মাশুক বিল্লাহ আরেফ খান<br>সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব)<br>চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা। |
| ৩। | জনাব দেওয়ান আ: ন: মু: মারুফ বিল্লাহ চৌধুরী<br>সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব)<br>ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ। |

এমতাবস্থায়, অনলাইন ভূমি উন্নয়ন কর আদায় সম্পর্কিত ডিজিটাল সেবা সরেজমিন পরিদর্শণে সার্বিক সহযোগিতা করার জন্য নির্দেশক্রমে তাঁকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

২৬/৫/২২

**(মোঃ ইকবাল হোসেন)**
সহকারী হিসাব নিয়ন্ত্রক (প্রশাসন)
E-mail: aca.revenue.1964@gmail.com
ফোন # ০২২২৩৩৮৭১৯৯।

**সহকারী কমিশনার (ভূমি)**
মোহাম্মদপুর রাজস্ব সার্কেল, ঢাকা।

**স্মারক নং-৩১.০৫.০০০০.৭৯১.০৫.০১০.২১.৩৫৯/১(৭)** **তারিখঃ ২৬/০৫/২০২২খ্রিঃ।**

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :**

১। জেলা প্রশাসক, ঢাকা।
২। সেল প্রধান (উপ-সচিব), ভূমি সেবা ডিজিটাইজেশন মনিটরিং সেল।
৩। জনাব মাহফুজা আহম্মেদ,সহকারী হিসাব নিয়ন্ত্রক (অডিট), সদর দপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। জনাব মাশুক জনাব মো: মাশুক বিল্লাহ আরেফ খান, সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা।
৫। জনাব দেওয়ান আ: ন: মু: মারুফ বিল্লাহ চৌধুরী, সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৬। জনাব মো: আসাদুজ্জামান, হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব), ঢাকা-৬।
[তাকে পরিদর্শণ টীমের সাথে থেকে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো]
৭। অফিস কপি।

২৬/৫/২২

**(মোঃ ইকবাল হোসেন)**
সহকারী হিসাব নিয়ন্ত্রক (প্রশাসন)
E-mail: aca.revenue.1964@gmail.com
ফোন # ০২২২৩৩৮৭১৯৯।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব নিয়ন্ত্রক(রাজস্ব)এর দফতর
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(ভবন-৪, ৫ম তলা)
www.coa-revenue.gov.bd

Ae (AM)
২০৩১ ৫/৬/২২
৩০/৫/২২

স্মারক নং-৩১.০৫.০০০০.৭৯২.৬৮.০৫৬.১১- ১৯ তারিখ: ৩০ / ০৫/২০২২খ্রি:।

**বিষয়ঃ দেশে / বিদেশে বাস্তবায়িত ন্যুনতম একটি উদ্যোগ সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন প্রসঙ্গে।**

সূত্র : হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) ভূমি মন্ত্রণালয়, ঢাকা মহোদয়ের স্মারক নং-৩১.০৫.০০০০.৭৯১.০৫.০১০.২১.৩৫৯ তারিখ : ২৬/০৫/২০২২খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের নির্দেশ মোতাবেক ই-গর্ভন্যান্স এবং উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর অনুচ্ছেদ {২.২.৫} অনুযায়ী ২০২১-২০২২ অর্থ বছরের ই-গর্ভন্যান্স এবং উদ্ভাবন কর্মপরিকল্পনা মোতাবেক সহকারী কমিশনার (ভূমি) মোহাম্মদপুর রাজস্ব সার্কেল অফিস ও তার আওতাধীন সেনপাড়া পর্বতা ভূমি অফিসে ভূমি মন্ত্রণালয় কর্তৃক মাঠ পর্যায়ে বাস্তবায়িত অনলাইন ভূমি উন্নয়ন কর আদায় সম্পর্কিত ডিজিটাল সেবা সরেজমিনে পরিদর্শন পূর্বক পরিদর্শন প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো ।

সংযুক্ত : পরিদর্শন প্রতিবেদন - ১ ফর্দ।

৩০/৫/২২
(মাহফুজা আহমেদ)
সহকারী হিসাব নিয়ন্ত্রক(অডিট)
E-mail:acaudit 65@gmail.com
ফোন: ৪৭১১৭৬৭৭ ।

হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব)
ভূমি মন্ত্রণালয়, ঢাকা

**বিষয়ঃ দেশে / বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন প্রসঙ্গে।**

সূত্র : হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) ভূমি মন্ত্রণালয়, ঢাকা মহোদয়ের স্মারক নং-৩১.০৫.০০০০.৭৯১.০৫.০১০.২১.৩৫৯ তারিখ : ২৬/০৫/২০২২খ্রি.।

পরিদর্শনকারী কর্মকর্তাগণের নাম ও পদবী :

১। মাহফুজা আহমেদ , সহকারী হিসাব নিয়ন্ত্রক (অডিট) ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মো: মাশুক বিল্লাহ আরেফ খান, , সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা
৩। দেওয়ান আ:ন:মু: মারুফ বিল্লাহ চৌধুরী, সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

স্থান : সহকারী কমিশনার (ভূমি) মোহাম্মদপুর রাজস্ব সার্কেল অফিস ও তার আওতাধীন সেনপাড়া পর্বতা ভূমি অফিস
পরিদর্শনের তারিখ ও সময় : ২৯/০৫/২০২২খ্রি. , সকাল – ১১.০০ ঘটিকা।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের নির্দেশের প্রেক্ষিতে ই-গর্ভন্যান্স এবং উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর অনুচ্ছেদ {২.২.৫} অনুযায়ী ২০২১-২০২২ অর্থ বছরের ই-গর্ভন্যান্স এবং উদ্ভাবন কর্মপরিকল্পনা মোতাবেক ভূমি মন্ত্রণালয় কর্তৃক মাঠ পর্যায়ে বাস্তবায়িত অনলাইন ভূমি উন্নয়ন কর আদায় সম্পর্কিত ডিজিটাল সেবা পরিদর্শনের লক্ষ্যে বিগত ২৯/০৫/২০২২খ্রি. তারিখ সকাল – ১১.০০ ঘটিকায় সহকারী কমিশনার (ভূমি) মোহাম্মদপুর রাজস্ব সার্কেল অফিস ও তার আওতাধীন সেনপাড়া পর্বতা ভূমি অফিস সরেজমিনে পরিদর্শন করা হয়।

পরিদর্শনকালে জনাব কে. এম.রফিকুল ইসলাম, সহকারী কমিশনার (ভূমি) মোহাম্মদপুর রাজস্ব সার্কেল এবং জনাব মিরাজউজ্জামান চৌধুরী , ভূমি সহকারী কর্মকর্তা সেনপাড়া পর্বতা ভূমি অফিস উপস্থিত ছিলেন। জনাব কে. এম.রফিকুল ইসলাম, সহকারী কমিশনার (ভূমি) ভূমি মন্ত্রণালয় কর্তৃক মাঠ পর্যায়ে বাস্তবায়িত অনলাইন ভূমি উন্নয়ন কর আদায় সম্পর্কিত ডিজিটাল সেবা সম্পর্কে বিস্তারিত অবহিত করেন। এরপর জনাব মিরাজউজ্জামান চৌধুরী , ভূমি সহকারী কর্মকর্তা সেনপাড়া পর্বতা ভূমি অফিস সরজমিনে পরিদর্শন টিমকে অনলাইনে ভূমি উন্নয়ন কর আদায়ে নাগরিকের অনলাইন রেজিষ্ট্রেশন এবং অনলাইন ভূমি উন্নয়ন কর আদায় পূর্বক দাখিলা প্রদান কার্যক্রম প্রদর্শন করেন। পরিদর্শনকালে উপস্থিত প্রজাগণের সহিত অনলাইন ভূমি উন্নয়ন কর আদায় সম্পর্কে তাদের মতামত জানতে চাওয়া হলে উপস্থিত প্রজাগণ ভূমি মন্ত্রণালয় কর্তৃক গৃহীত এই উদ্যোগে সন্তুষ্টি প্রকাশ করেন এবং সাধুবাদ জানান।

এরপর মোহাম্মদপুর রাজস্ব সার্কেল অফিসে পরিদর্শন টিমকে ই-মিউটেশন সমাপনান্তে নামজারি ফি ডিসিআরের মাধ্যমে অনলাইনে আদায়ের কার্যক্রম প্রদর্শন করেন।

সহকারী কমিশনার (ভূমি) মোহাম্মদপুর রাজস্ব সার্কেল অফিস ও তার আওতাধীন সেনপাড়া পর্বতা ভূমি অফিসে ভূমি মন্ত্রণালয় কর্তৃক মাঠ পর্যায়ে বাস্তবায়িত ডিজিটাল সেবার লক্ষ্যে ১০০% অনলাইন ভূমি উন্নয়ন কর আদায় ও নামজারি ফি ডিসিআরের মাধ্যমে অনলাইনে আদায় হচ্ছে এবং জনগণকে ডিজিটাল সেবা প্রদান করা হচ্ছে মর্মে প্রতীয়মান হয়।

৩০/৫/২০২২
মো: মাশুক বিল্লাহ আরেফ খান
সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব)
চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা

৩০/৫/22
মাহফুজা আহমেদ
সহকারী হিসাব নিয়ন্ত্রক (অডিট)
ভূমি মন্ত্রণালয়